

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫০৩

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮. দিতীয় অনুচ্ছেদ - অপবিত্রতা হতে পবিত্রতা অর্জন

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا وَطِئَ أَحَدُكُمْ بِنَعْلِهِ الْأَذَى فَإِنَّ التُّرَابَ لَهُ طَهُورٌ» . رَوَاهُ أَبُو دَاوُدَ. وَلِابْنِ مَاجَه مَعْنَاهُ

#### বাংলা

৫০৩-[১৪] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ যখন নিজের জুতা দিয়ে অপবিত্র জিনিস মাড়ায়, তখন মাটিই এর জন্য পবিত্রকারী। (আবূ দাউদ)[1] ইবনু মাজাহ্ও অনুরূপ অর্থবোধক হাদীস বর্ণনা করেছেন।

## ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৩৮৫, ইবনু মাজাহ্ ৫৩২। হাদীসটির সানাদটি মূলত দুর্বল, তবে 'আয়িশাহ্ (রাঃ) এবং আবূ সা'ঈদ আল খুদরী (রাঃ) হতে সহীহ সূত্রে দু'টি শাহিদ হাদীস বিদ্যমান থাকায় হাদীসটি সহীহের স্তরে পৌঁছেছে। কিন্তু ইবনু মাজাহর সানাদটি অত্যধিক দুর্বল।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: রাস্তায় চলতে চলতে জুতায় নাপাকী লাগলে, অতঃপর পবিত্র মাটিতে হাঁটলে বা মাটিতে ঘষা দিলে সেটা পবিত্র হয়ে যায়। হাদীসটি সুনানে আবূ দাউদে ও ইবনু মাজায় বর্ণিত হয়েছে। উক্ত হাদীস হতে আরো বুঝা যায় যে, জুতায় নাপাক কিছু লাগলে সেটা কিছু দ্বারা দূর করে দিলে জুতা পবিত্র হয়ে যায়।

পক্ষান্তরে ইমাম আবূ হানীফাহ্ (রহঃ) এ হাদীসকে অমান্য করেছেন, কারণ তিনি ক্নিয়াসকে হাদীসের উপর অগ্রাধিকার দিয়েছেন। তাঁর মাযহাব বলে জুতা ধৌত করা ছাড়া পবিত্র হয় না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন